

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩১

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৫. যিনি বলেন, (ইসতিহাযাগ্রস্ত মহিলা) যুহর হতে (পরদিন) যুহর পর্যন্ত (একবার) গোসল করবে, স্বামীর সাথে মিলিত হবে এবং সিয়াম পালন করবে

بَابُ مَنْ قَالَ تَغْتَسِلُ مِنَ الظُّهْرِ إِلَى الظُّهْرِ، وَتُجَامِعُ وَتَصنُومُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ عَنْ سُمَيِّ قَالَ سَأَلْتُ سَعِيدَ بْنَ الْمُسَيَّبِ عَنْ الْمُسْتَحَاضَةِ فَقَالَ تَجْلِسُ أَيَّامَ أَقْرَائِهَا وَتَغْتَسِلُ مِنْ الظُّهْرِ إِلَى الظُّهْرِ وَتَسْتَذْفِرُ بِثَوْبٍ وَيَالْتُهُمْ وَتَسْتَذُفِرُ بِثَوْبٍ وَيَالْتُهُمْ وَتَسُومُ فَقُلْتُ عَمَّنْ هَذَا فَأَخَذَ الْحَصَا وَيَالْتِهَا وَتَصُومُ فَقُلْتُ عَمَّنْ هَذَا فَأَخَذَ الْحَصَا

বাংলা

৮৩১. সুমাইয়্যি হতে বর্ণিত, তিনি বলেন, আমি সাঈদ ইবনুল মুসাইয়্যিব রাহি.-কে ইসতিহাযাগ্রস্ত মহিলা সম্পর্কে জিজেস করেছিলাম। তখন তিনি বললেন: তার হায়েযের নির্ধারিত (কুরু'র) দিনগুলি পরিমাণ সময় সে বসে (সালাত হতে বিরত) থাকবে। আর সে দৈনিক এক যুহর হতে পরবর্তী যুহর পর্যন্ত (একবার) গোসল করবে। সে কাপড় দ্বারা মজবুতভাবে (স্ত্রীঅংগে) পট্টি বেঁধে নেবে। তার স্বামী তার সাথে সহবাস করতে পারবে এবং সে সিয়াম পালনও করতে পারবে। আমি তাকে জিজেস করলাম, এটি কার থেকে বর্ণনা করছেন? তখন তিনি (ছুঁড়ে মারার জন্য) নুড়িপাথর হাতে তুললেন।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১/১২৭ সহীহ সনদে; আব্দুর রাযযাক নং ১১৬৯; আবু দাউদ ১/১৯৮; এটি সামনে ৮৩৭ (অনুবাদের ক্রমিক ৮৩৩) নং এ আসছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সুমাইয়্যি (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন